# রূপগঞ্জে স্বেচ্ছাসেবক দলের আয়োজনে ঈদ পুনর্মিলনী ও বৃক্ষরোপণ কর্মসূচি




সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে জেলা স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে অনুষ্ঠিত হলো আলোচনা সভা, বৃক্ষরোপণ কর্মসূচি, ক্রীড়া প্রতিযোগিতা এবং ঈদ পুনর্মিলনী। আজ ২৪ জুন (মঙ্গলবার) দিনব্যাপী তারাবো পৌরসভার বরপা এলাকার আনন্দ পল্লী পার্কে এই বর্ণাঢ্য আয়োজন সম্পন্ন হয়।

আয়োজনে প্রধান অতিথি ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক বিজিএমইএ সভাপতি, বীর মুক্তিযোদ্ধা কাজী মনিরুজ্জামান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারায়ণগঞ্জ জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান মাহবুব এবং সঞ্চালনায় ছিলেন রূপগঞ্জ উপজেলা জিয়া মঞ্চের সভাপতি জজ মিয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পপতি মিসেস সেলিনা জামান, জেলা বিএনপির সাবেক ভারপ্রাপ্ত আহ্বায়ক নাসির উদ্দীন, যুগ্ম আহ্বায়ক শরিফ আহম্মেদ টুটুল, জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি আবু মোহাম্মদ মাসুম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আলী আহমেদ ও তারাবো পৌর যুবদলের সদস্য সচিব কাজী আহাদসহ স্থানীয় নেতৃবৃন্দ।

দিনব্যাপী এই আয়োজন নানা সাংস্কৃতিক পরিবেশনা, বৃক্ষরোপণ কার্যক্রম ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে প্রাণবন্ত হয়ে ওঠে। নেতারা পরিবেশ রক্ষায় সচেতনতা ও দলীয় ঐক্য আরও সুসংহত করার ওপর গুরুত্বারোপ করেন।